

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৩৩

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৪. কুরআন সুমধুর সূরে পাঠ করা

باب التَّغْنِي بِالْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ حَدَّثَنَا إِبْرَاهِيمُ الْهَجَرِيُّ عَنْ أَبِي الْأَحْوَصِ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ لَا أُلْفِينَ أَحَدَكُمْ يَضَعُ إِحْدَى رِجْلَيْهِ عَلَى الْأُخْرَى يَتَغْنَى وَيَدْعُ أَنْ يَقْرَأَ سُورَةَ الْبَقَرَةِ فَإِنَّ الشَّيْطَانَ يَفِرُّ مِنَ الْبَيْتِ يُقْرَأُ فِيهِ سُورَةُ الْبَقَرَةِ وَإِنْ أَصْفَرَ الْبُيُوتِ الْجَوْفُ يَصْفَرُ مِنْ كِتَابِ اللَّهِ

বাংলা

৩৫৩৩. আবীল আহওয়াস হতে বর্ণিত, আব্দুল্লাহ রাযিয়াল্লাহু আনহু বলেন, তোমাদের কাউকে যেনে এ অবস্থায় দেখা না যায় যে, সে এক পায়ের উপরে আরেক পা উঠিয়ে সূর করে কুরআন পাঠ করছে, আর সূরা বাক্বারা পাঠ করা ছেড়ে দিচ্ছে। কেননা, শয়তান সেই ঘর/বাড়ি হতে পলায়ন করে, যেখানে সূরা বাক্বারা পাঠ করা হয়। আর (আসবাব সামগ্রী) শূণ্য ঘরের উপমা হলো সেই অন্তরের মত যা আল্লাহর কিতাব হতে শূণ্য।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যযীফ; ইবরাহীম ইবনু মুসলিম আলহিজরী'র দুর্বলতার কারণে। এটি মাওকুফ।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ৫৯৯৮ যযীফ সনদে দীর্ঘাকারে; ইবনু আবী শাইবা ১০/৪৮৬ নং ১০০৭৩ সহীহ সনদে; তাবারাণী, আওসাত নং ৭৭৬২ ও সগীর ১/৫৩ যযীফ সনদে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুল আহওয়াস (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83818>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন